

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
গুলশান শাখা, ঢাকা।

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, গুলশান শাখা, কনকর্ড আই. কে. টাওয়ার (১ম তলা, ইস্ট ব্লক), প্লট নং- সিইএন(এ)-২, নর্থ এভিনিউ, গুলশান-২, ঢাকা এর ঋণগ্রহীতা জনাব আক্কাস আলী মোল্লা, পিতা- মৃত জাহেদ আলী মোল্লা, ঠিকানা- ঠিকানা-১৪/৩/এ মিরবাগ, নয়াটলা রমনা ঢাকা-১২১৭ কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। এছাড়াও জনাব আক্কাস আলী মোল্লা তাহার মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠান মোসার্স শিবপুর ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস, ঠিকানা- ৮, শহীদ তাজউদ্দিন স্মরণী, ৩৭৮, টঙ্গী ডাইভারশন রোড, মগবাজার, ঢাকা কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি উক্ত বন্ধকী দলিলের উপর ফারদার চার্জ দলিল সম্পাদন করিয়া ব্যাংকের অনুকূলে দায়বদ্ধ রাখিয়াছেন। ঋণগ্রহীতাদ্বয় মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১-০৮-২০১৪ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা যথাক্রমে ১,২৫,৬০,৫৬৪.৪৩ (এক কোটি পঁচিশ লক্ষ ষাট হাজার পাঁচশত চৌষট্টি টাকা তেতাল্লিশ পয়সা) টাকা এবং ৮২,০৩,৪৮২.৮৩ (বিরাশি লক্ষ তিন হাজার চারশত বিরাশি টাকা তিরাশি পয়সা) টাকা, অর্থাৎ মোট ২,০৭,৬৪,০৪৭.২৬ (দুই কোটি সাত লক্ষ চৌষট্টি হাজার সাতচল্লিশ টাকা ছাব্বিশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি তফসিল

All that piece and parcel of land measuring 5.77 (five point seven seven) decimals of land with 4 (four) storied building thereon situated at Siddeshwari, Raman, Dhaka under plot no. C.S.- 37, S.A.-104, R.S.- 856, City Survey- 1330, Khatian no.- C.S.- 310, S.A.- 1108, R.S.- 844, City Survey- 631, Mutation Khatian No. 844, Jote No.- 1451/08 of Mouza- Sabek Shahar Khilgoan, now Siddeshwari, J.L. no- C.S. & S.A.- 287, R.S.- 02, City Survey- 01, Dhaka City Corporation Holding No- 14/3-A, Mirbagh, Moghbazar under P.S.- Ramna, District- Dhaka.

নিলামের শর্তাবলী

- (১) আগামী ১২.১১.২০১৪ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, গুলশান শাখা, ঢাকা এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতা উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, গুলশান শাখা, ঢাকা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- (৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিষ্কার বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৭) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, গুলশান শাখা, ঢাকা।